

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৬৩

বিলোনীয়া, ১৮ নভেম্বর, ২০২৪

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা  
রাজনগর ব্লকে মৎস্যজীবিদের সহায়তা

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় বিলোনীয়া মহকুমার রাজনগর ব্লকে ৪ জন মৎস্যজীবিকে আইসবল্ল সহ অটো ক্রয় করার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ৬ লক্ষ ৬০ হাজার টাকা। তাছাড়া মৎস্য দপ্তরের বার্ষিক কর্ম পরিকল্পনায় রাজনগর ব্লকের ২২ জন মৎস্যজীবিকে ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা এবং ৬ জন মৎস্যজীবিকে আইসবল্ল দেওয়া হয়েছে। তাছাড়াও ব্লকের ৭ জন মৎস্যচাষিকে কণিজাল দেওয়া হয়েছে। বিলোনীয়া মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*